

স্মারক নং

৩২২

তারিখ : ০৩.০৯.২০২১

ন্যাশনাল সার্ভিস কর্মসূচিতে (৭ম পর্ব) অন্তর্ভুক্তির বিজ্ঞপ্তি

যুব ও জুনিয়র মন্ত্রণালয়ধীন যুব উন্নয়ন অধিদপ্তরের স্মারক নং ৩৪.০১.০০০০.০২৯.৩৭.৫২৭.১৭-৩৬৪ তারিখ : ০৬ সেপ্টেম্বর/২০১৭ খ্রিঃ এর মাধ্যমে পরিচালিত ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় অস্থায়ী কর্মসংস্থানের জন্য সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলার অগ্রহী যুব ও যুব মহিলাদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

শর্তাবলী :

- ১। আবেদনকারী বেকার যুবক ও যুব নারীর বয়স ২৪-৩৫ বছর এর মধ্যে এবং শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ২। আবেদনকারীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৩। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি, নাগরিকত্বের সনদপত্র (ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার থেকে প্রাপ্ত), জাতীয় পরিচয় পত্রের অনুলিপি, চারিত্রিক সনদপত্র (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা শেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট থেকে প্রাপ্ত) ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি ইত্যাদি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- ৪। আবেদনকারী বেকার যুবক/যুবনারী মুক্তিযোদ্ধার সন্তান/ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক গোষ্ঠি/প্রতিবন্ধি হলে এর স্বপক্ষে সনদ সংযুক্ত করতে হবে।
- ৫। আবেদন পত্র সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার বরাবর ৩০/= টাকার পোষ্টাল অর্ডার বা ব্যাংক ড্রাফটসহ আগামী ১০/১০/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে দাখিল করতে হবে।
- ৬। ন্যাশনাল সার্ভিসে অন্তর্ভুক্তির প্রাথমিক পর্যায়ে সংশ্লিষ্ট যুবক/যুবনারীকে ১০ টি নির্ধারিত মডিউলে ০৩ মাস মেয়াদী প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- ৭। সফল ভাবে প্রশিক্ষণ সমাপ্তকারী যুবক/যুবনারীকে ০২(দুই) বছরের জন্য সরকারের বিভিন্ন সেবা খাতে অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত করা হবে। সংযুক্তিতে যোগদানের প্রাক্কালে নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট যুবক/যুবনারীকে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের সাথে চুক্তিনামা সম্পাদন করতে হবে। সেই সাথে শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র উক্ত কার্যালয়ে জমা রাখতে হবে।
- ৮। আবেদনকারী যুবক/যুবনারীকে এ সংযুক্তি সরকারী কোন স্থায়ী চাকুরীর নিশ্চয়তা প্রদান করবে না।
- ৯। আবেদনকারী যুবক/যুবনারী ভুল বা অসত্য তথ্য প্রদান করলে বা অস্থায়ী সংযুক্তিকালীন অন্য কোন সরকারী/বেসরকারী সংস্থায় নিয়োজিত থাকলে এবং এর প্রমান পাওয়া গেলে স্বয়ংক্রিয়ভাবে ন্যাশনাল সার্ভিস কর্মসূচিতে তার অন্তর্ভুক্তি বাতিল বলে গণ্য হবে।
- ১০। আবেদনকারীকে নিম্ন বর্ণিত ছকে আবেদন করতে হবে।

ন্যাশনাল সার্ভিস কর্মসূচিতে অন্তর্ভুক্তির আবেদন ছক।

১	নাম	:	
২	পিতা/স্বামীর নাম	:	
৩	মাতার নাম	:	
৪	বর্তমান ঠিকানা	:	
৫	স্থায়ী ঠিকানা	:	
৬	পিতা/স্বামীর পেশা	:	
৭	১০/১০/২০১৭ খ্রিঃ তারিখে বয়স (দিন তারিখের জন্য এস.এস.সি পরীক্ষার সনদ অনুসরণীয়)	:	
৮	জাতীয় পরিচয় পত্র নং	:	
৯	জাতীয়তা	:	
১০	ধর্ম	:	
১১	শিক্ষাগত যোগ্যতা	:	
১২	পেশা (বেকার হলে কতদিন যাবত বেকার, বেকার থাকার স্বপক্ষে ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যানের সনদ পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।)	:	
১৩	বৈবাহিক অবস্থা	:	
১৪	লেখাপড়া ছাড়া অতিরিক্ত যোগ্যতা/কোন কাজের অভিজ্ঞতা (যদি থাকে)	:	
১৫	টেলিফোন/মোবাইল নং (যদি থাকে)	:	
১৬	রেফারেন্স-২জন, যোগাযোগ নম্বর সহ (প্রার্থীর আত্মীয় নন কিন্তু প্রার্থী সম্পর্কে ভাল জানেন এমন ব্যক্তির)	:	

আবেদনকারীর স্বাক্ষর :

পূর্ণনাম :

তারিখ :

প্রশিক্ষণ ও অস্থায়ী সংযুক্তিকালীন প্রাপ্য সুবিধাদি :

- ১। ন্যাশনাল সার্ভিস কর্মসূচির জন্য নির্বাচিত বেকার যুবক/যুব নারী ৩ মাস প্রশিক্ষণকালীন দৈনিক ১০০/= টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন এবং অস্থায়ী কর্মে সংযুক্তিকালীন দৈনিক ২০০ টাকা হারে কর্মভাতা প্রাপ্য হবেন।
- ২। ন্যাশনাল সার্ভিস কর্মসূচির জন্য নির্বাচিত বেকার যুবক/যুবনারী অস্থায়ী কর্মে সংযুক্তিকালীন দৈনিক ২০০/= টাকা হারে মাসিক ৬০০০/- টাকা কর্মভাতা হতে ২০০০/=টাকা মাসিক সম্বল হিসেবে সংশ্লিষ্ট সুবিধাজোগির নিজ নামে ব্যাংকে গচ্ছিত রাখা হবে এবং অস্থায়ী সংযুক্তির মেয়াদ শেষে সুদসহ সমুদয় টাকা তাকে ফেরত প্রদান করা হবে।
- ৩। ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অধীনে নির্বাচিত বেকার যুবক/যুবনারী প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণ সনদ এবং অস্থায়ী কর্মে সংযুক্তি শেষে অভিজ্ঞতার সনদ যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রাপ্ত হবেন।
- ৪। ন্যাশনাল সার্ভিস কর্মসূচির জন্য নির্বাচিত বেকার যুবক/যুবনারী অস্থায়ী কর্মে সংযুক্তিকালীন অন্য কোন চাকুরীতে নিয়োজিত হতে অগ্রহী হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করে অস্থায়ী সংযুক্তি হতে অব্যাহতি গ্রহণ করতে পারবেন।
- ৫। ন্যাশনাল সার্ভিসের আওতায় যুবক/যুবনারী কর্মকাল সমাপনান্তে ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ থাকা সাপেক্ষে যুব উন্নয়ন অধিদপ্তর, জনতা ব্যাংক এবং কর্মসংস্থান ব্যাংক হতে ঋণ প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন।
বিশেষ দ্রষ্টব্য
- ১। ন্যাশনাল সার্ভিস কর্মসূচি মন্ত্রি পরিষদ অনুমোদিত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি নীতিমালা দ্বারা পরিচালিত হবে।
- ২। কোন কারন দর্শনো ব্যতিরেকে যে কোন যুবক/যুবনারীর অন্তর্ভুক্তি/অস্থায়ী সংযুক্তি বহান রাখা/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ হাফিজ আল-আসাদ)

উপজেলা নির্বাহী অফিসার

দেবহাটা, সাতক্ষীরা

ও

সভাপতি

উপজেলা সমন্বয় কমিটি